

ব্যাংক পরিদর্শন বিভাগ-২  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

ব্যাপবি-২/উবি-১/সার্কুলার নং-১

তারিখঃ ২৮-১১-১৪১৫ বাং  
১২-০৩-২০০৯ ইং

প্রধান নির্বাহী,  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/  
কর্মসংস্থান ব্যাংক/গ্রামীণ ব্যাংক/  
আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক/  
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি)।

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রধান কার্যালয়ের উপর পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনের  
পরিপালনের জন্য পরিচালনা পর্ষদের পৃথক সভা আয়োজন প্রসংগে।

ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের বিশদ পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট ব্যাংকের নিকট প্রেরণপূর্বক স্ব স্ব পরিচালনা পর্ষদের সভায় তা উপস্থাপন করে এতদসংক্রান্ত স্মারকলিপি ও সংশ্লিষ্ট বিষয়ে সভার কার্যবিবরণীর অনুলিপি সহ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ ও অনিয়ম/ক্রটি-বিচ্যুতিসমূহের দফাওয়ারী পরিপালন প্রেরণের পদ্ধতি বর্তমানে প্রচলিত রয়েছে। কোন কোন ব্যাংকের পরিচালনা পর্ষদের সভার স্মারকলিপি/কার্যবিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ ও অনিয়ম/ক্রটি-বিচ্যুতি পরিপালন সংক্রান্ত আলোচ্যসূচী সাধারণভাবে উপস্থাপন করা হয়। অনেক সময় পর্ষদে উপস্থাপিত স্মারকলিপিতে অনেক গুরুতর অনিয়ম যথাযথভাবে উল্লেখিত হয় না। ফলে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত অনিয়মসমূহের বিষয়ে সম্যক অবহিত হতে পারেন না এবং অনেক গুরুতর অনিয়ম যথাযথভাবে পরিপালিত হয় না। বিষয়টির প্রতিবিধান কল্পে এখন থেকে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণীয় হবে:

০১. প্রধান কার্যালয় পরিদর্শনের উপর প্রণীত বিশদ পরিদর্শন প্রতিবেদনের যথাযথ পরিপালন নিশ্চিত করনার্থে এখন থেকে ব্যাংকসমূহ পরিচালনা পর্ষদের বিশেষ সভা আহ্বান করবে। পরিচালনা পর্ষদের বর্ণিত বিশেষ সভায় একমাত্র আলোচ্যসূচী থাকবে প্রধান কার্যালয়ের বিশদ পরিদর্শন প্রতিবেদন;
০২. বিশদ পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ২(দুই) মাসের মধ্যে পর্ষদ সভা আহ্বানপূর্বক পরিপালন (Implementation/compliance) প্রতিবেদন উক্ত সভায় উপস্থাপন করতে হবে;
০৩. পরিচালনা পর্ষদের উপরোক্ত বিশেষ সভায় বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, পরিদর্শন দলনেতা ও অত্যাৱশ্যকীয় সংশ্লিষ্ট পরিদর্শকগণ উপস্থিত থাকবেন;
০৪. বর্ণিত সভার কার্যবিবরণী পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে;
০৫. পরিচালনা পর্ষদের পৃথক সভা অনুষ্ঠানের কমপক্ষে ১০(দশ) দিন পূর্বে বাংলাদেশ ব্যাংককে অবহিতকরনের বিষয়টি নিশ্চিত করতে হবে;
০৬. পরিদর্শন প্রতিবেদন পরিপালনের অগ্রগতি সময়ে সময়ে পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।

এ ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(নির্মল চন্দ্র ভক্ত)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৪২৪৩